

নারী শিক্ষা

১১৮ নং

তাল—একতাল

মেয়ের সাধন ভজন নাই আর অনুমানে—

থাক্তে স্বামী বর্তমানে ।

ভবে অসতী যে, সে পারবে কেনে ॥

- ১। স্বামীর পদে দিয়ে নয়ন, দেহ মন প্রাণসব সমর্পণ,
পদ্বিনী নারীর এই লক্ষ্মণ, পদ্বয়োনি কয় ।
চিন্তামণি বলে কারে, সদায় স্বামীর চিন্তা যার অন্তরে,
ও সে মরিলে বাঁচাইতে পারে,
যেমন সাবিত্রী আর সত্যবানে ॥
- ২। স্বামীর পদে হ'য়ে নত, পূজ' চরণ মনের মত,
দিনের দিনে দিন হয় গত, পাবে না রে আর ।
যদি থাকে স্বামী পদে ভক্তি, শমনে ছোঁবে কি তার শক্তি,
তারা অনায়াসে পাবে মুক্তি, ভয় নাই অকাল মরণে ॥
- ৩। স্বামী যা'তে সুখে র'বে, নারীর কার্য তাই করিবে,
দেলে আত্মা ঐক্য হবে বৃন্দাবনে বাস ।
স্বামীর বাক্য কর বিশ্বাস, অবিশ্বাসে হয় সর্বনাশ,
যেমন রাহু করে চন্দ্র গ্রাস, যার স্বামী নিন্দা মনে মনে ॥
- ৪। সতীর মান্য জগৎ ভ'রে, যেমন বেহুলা আর লখিন্দরে,
বাঁচায় পতি-ছয়-মাস পরে সতীর এমনি গুণ ।
অসতীর কপালে আগুন যেমন কাঁচা বাঁশে
লাগায় রে ঘুণ,
কিছু মাত্র নাই তার গুণ, কেবল স্বামীর নিন্দা
রাত্রি-দিনে ॥